# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 04 July, 2025

কিশোরগঞ্জের ঐতিহাসিক পাগলা মসজিদে এবার থেকে ঘরে বসেই অনলাইনে দান করা যাবে। **□□□.□□□□□□□□□□□□.□□□**–এই ওয়েবসাইটের মাধ্যমে দেশ-বিদেশের ধর্মপ্রাণ মানুষ এখন নিরাপদ ও সহজ উপায়ে মসজিদে দান করতে পারবেন।

শুক্রবার (৪ জুলাই) বেলা সাড়ে ১১টার দিকে পাগলা মসজিদ চত্বরে আয়োজিত এক অনুষ্ঠানে এই অনলাইন দান প্ল্যাটফর্মের উদ্বোধন করেন মসজিদ কমিটির সভাপতি ও কিশোরগঞ্জের জেলা প্রশাসক ফৌজিয়া খান।

তিনি বলেন, "অনেকেই দান করতে চাইলেও নির্ভরযোগ্য মাধ্যম না থাকায় পিছিয়ে যেতেন। এবার সেই সুযোগ এনে দিয়েছে এই ওয়েবসাইট। সামাজিক বিশ্বাস, ধর্মীয় আবেগ ও নিরাপদ লেনদেন–সবকিছুকে সম্মান দিয়েই এই উদ্যোগ নেওয়া হয়েছে।"

জেলা প্রশাসক আরও জানান, সম্প্রতি কিছু অসাধু চক্র পাগলা মসজিদের নাম ব্যবহার করে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রতারণা করছিল। এই অনলাইন প্ল্যাটফর্ম চালুর মাধ্যমে সে অনৈতিক প্রবণতাও রোধ করা সম্ভব হবে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন–

অতিরিক্ত জেলা প্রশাসক মিজাবে রহমত, মসজিদ কমিটির সদস্য সচিব ও কিশোরগঞ্জ সদর ইউএনও মো. এরশাদ মিয়া, জামায়াতে ইসলামি কেন্দ্রীয় মজলিশে সূরা সদস্য ও জেলা আমির অধ্যাপক মো. রমজান আলী, আল-জামিয়াতুল ইমদাদিয়ার মুহতামিম মাওলানা সাব্বির আহমাদ রশিদ, ইসলামি আন্দোলন বাংলাদেশ কিশোরগঞ্জ জেলা সভাপতি হাফেজ মাওলানা আলমগির হোসাইন তালুকদার প্রমুখ।

'দান করলে মনোবাসনা পূর্ণ হয়'–এই বিশ্বাসে শতাব্দী ধরে দেশের নানা প্রান্ত থেকে মানুষ দান করে আসছেন পাগলা মসজিদে। প্রতিবার সিন্দুক খোলার সময় কোটি কোটি টাকা ও বৈদেশিক মুদ্রা পাওয়া যায়, যা এ মসজিদকে বাংলাদেশের অন্যতম ধর্মীয় অর্থকেন্দ্রে পরিণত করেছে।

ওয়েবসাইটের সুবিধা: ১. নিরাপদ অনলাইন পেমেন্ট, ২. দেশ-বিদেশ থেকে লেনদেন, ৩. নির্ভরযোগ্যতা ও স্বচ্ছতা, ৪. দানের রসিদ পাওয়ার সুযোগ

পাগলা মসজিদ কিশোরগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:30

URL: https://timestodaybd.com/public/national/4172775807